মেহেরপুরে হেরোইনসহ দেবর-ভাবি গ্রেফতার

৫ গ্রাম হেরোইনসহ দেবর শামীম খা(৪০) ও ভাবী শাহানাজ বেগম (৪৬) কে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) । গ্রেফতারকৃত শামীম খাঁ মেহেরপুর শহরের স্টেডিয়াম পাড়া এলাকার মৃত আব্দুর রহমানের ছেলে ও শাহানাজ বেগম রায়হান খাঁ’র স্ত্রী।
আজ বৃহস্পতিবার (৯ জুন) সন্ধ্যায় মেহেরপুর শহরের স্টেডিয়াম পাড়া এলাকায় ডিবি পুলিশের দলটি গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন। এসময় শামীম খাঁ’র কাছ থেকে ৩ গ্রাম ও শাহানাজ বেগমের কাছ থেকে ২ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।
ডিবি পুলিশের উপপরিদর্শক (এসআই) অজয় কুমার কুন্ডু’র নেতৃত্বে এসআই বিশ্বজিৎ সরকার, এএসআই মাহাতাব উদ্দীনসহ সঙ্গীয় ফোর্সসহ অভিযানে অংশ নেন।
ডিবি পুলিশের উপপরিদর্শক (এসআই) অজয় কুমার কুন্ডু জানান, আটকরা যৌথভাবে হেরোইন ব্যবসা চালাচ্ছে বিষয়টি নিশ্চিত হয়ে একযোগে তাদের বাড়িতে এক সাথে অভিযান চালানো হয়।
তিনি আরও জানান, শামীম খাঁ’র বিরুদ্ধে আরও ৫ টি মাদক মামলা বিচারাধীন আছে। এছাড়া শাহানাজ বেগমের স্বামী রায়হান খাঁ মাদক আইনের মামলায় জেল হাজতে রয়েছেন। স্বামী জেলে থাকলেও স্ত্রী শাহানাজ বেগম দেবর শামীম খাঁর সাথে হেরোইন সহ অন্যান্য মাদকের ব্যবসা চালিয়ে আসছিলেন।
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে মেহেরপুর সদর থানায় সোপর্দের প্রস্তুতি চলছে।

মেহেরপুর জেলা ছাত্রলীগ ও সাবেক ছাত্র নেতাদের নৌকা

সমর্থনে গণসংযোগ

মেহেরপুরে ব্যাপক গণসংযোগ চালালেন ছাত্রলীগ ও সাবেক ছাত্রলীগ নেতৃবৃন্দ। মেহেরপুর পৌরসভার দলীয় মেয়র প্রার্থী মাহফুজুর রহমান রিটনের পক্ষে গণসংযোগ, লিফলেট বিতরণ ও ভোটারদের কাছে ভোট চাইলেন জেলা ছাত্রলীগের নেতৃবৃন্দ।

বৃহস্পতিবার মেহেরপুর শহরের প্রধান প্রধান সড়ক কোট, হোটেল বাজার ও বড়বাজার এলাকায় বিকাল থেকে সন্ধ্যা পর্যন্ত এ গণসংযোগ চালান তারা।

মেহেরপুর জেলা ছাত্র লীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের নেতৃত্বে জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান, জেলা স্বেচ্ছাসেবক লীগ আহবায়ক আরিফুল এনাম বকুল, সাবেক ছাত্রনেতা ও জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি সাফওয়ান আহমেদ রূপক, বারিকুল ইসলাম লিজন, জেলা ছাত্রলীগের সহ সভাপতি দুলাল মাহমুদ, জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা, সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকারনাইন বায়োজিদ, মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুবউদ্দিনসহ অন্যান্য নেতৃবৃন্দ ব্যাপক গণসংযোগ চালান।

এসময় তারা নৌকা মার্কায় ভোট চান এবং লিফলেট বিতরণ করেন।

গাংনীতে ইটভাটায় অভিযান চালিয়ে ২০ হাজার টাকা জরিমানা

গাংনী উপজেলার পশ্চিম মালশাদহ গ্রামে অভিযান চালিয়ে আকমল সুপার ব্রিকস নামের একটি ইটভাটাতে অভিযান চালিয়ে ভাটার ম্যানেজারকে ২০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালতের নির্বাহী অফিসার ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম।

আজ বৃহস্পতিবার (৯ জুন) দুপুরের দিকে পশ্চিম মালশাদহ গ্রামের আকমল সুপার ব্রিকস নামের ওই ইটভাটার ম্যানেজার জয়নাল আবেদীনকে এ জরিমানা করেন তিনি।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী অফিসার ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম বলেন, ইটভাটা প্রস্তুত ও ভাটা নিয়ন্ত্রণ আইন ২০১৩ এর ১৫ এর ১(ক) ধারায় অপরাধ প্রমানিত হওয়ায় তাকে এ জরিমানা করেন তিনি।

কৃষি জমি রক্ষার্থে ও বিভিন্ন সড়কে মাটি ফেলে যারা গণ উপদ্রব সৃষ্টি করবে তাদের বিরুদ্ধেই ভ্রাম্যমান আদালত পরিচালিত হবে। জনগণের ভোগান্তি লাঘবে উপজেলা প্রশাসনের এ অভিযান অব্যাহত থাকবেবলেও জানান তিনি।

মেহেরপুরে বসুন্ধরা ও কিং ব্র্যাণ্ড সিমেন্টের হালখাতা

মেহেরপুরে দেশের সর্ববৃহৎ শিল্প প্রতিষ্ঠান বসুন্ধরা গ্রুপের ‘বসুন্ধরা সিমেন্ট’ ও ‘কিং ব্র্যাণ্ড সিমেন্টে’র হালখাতা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩ টার সময় মেহেরপুর বড় বাজারে অনুষ্ঠিত হালখাতা অনুষ্ঠানে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ করা হয়।

কিং ব্র্যাণ্ড সিমেন্টের ডিলার মো: গোলাম মুর্শিদ চন্দনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বসুন্ধরা গ্রুপের সিমেন্ট সেক্টরের জিএম আব্দুল লতিফ।

তিনি বলেন, বাংলাদেশ এখন শিল্পায়নে ভাল অবস্থানে আছে, এগিয়ে যাচ্ছে দেশ। দেশীয় শিল্প প্রতিষ্ঠানগুলো বাঁচিয়ে রাখতে হবে। তাই দেশীয় শিল্প প্রতিষ্ঠানের সাথে ব্যবসায়ীদের থাকাতে হবে। তিনি বলেন, বসুন্ধরা গ্রুপের সকল পণ্যই মানসম্মত ভাবে তৈরী হয়ে থাকে।

তাই কোম্পানীর সাথে থেকে ব্যবসা করার আহবান জানাচ্ছি। গ্রাহকদের কাছে সততা ও বিশ্বস্ততা দিয়ে মন জয় করতে হবে ব্যবসায়ীদের। বসুন্ধরা গ্রুপের প্রতিটি পণ্য বাজারের সেরা। তিনি সকল খুচরা ব্যবসায়ীদের দৃষ্টি আকর্ষন করে বলেন, দায়ীত্ববোধের যায়গা থেকেই ভাল জিনিস বিক্রি করবেন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন বসুন্ধরা গ্রুপ, সিমেন্ট সেক্টরের ডিজিএম পলাশ আক্তার, কিং ব্যান্ড সিমেন্ট সেক্টরের এজিএম, মোহাম্মদ জিয়াউর রহমান, বসুন্ধরা গ্রুপ সিমেন্ট সেক্টরের এ.এস.এম মোঃ মামুন শিকদার, কিং ব্যান্ড সিমেন্ট সেক্টরের এরিয়া ম্যানেজার সাইফুল ইসলাম শোভন, বসুন্ধরা সিমেন্ট সেক্টরের টিএসএম মাসুদ ছালা উদ্দীন।

বসুন্ধরা সিমেন্টের ডি.এস.আই মোঃ জাফরুল ইসলামের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মেসার্স জিএন এন্টারপ্রাইজের স্বতাধিকারী মো: গোলাম শহিদ। অনুষ্ঠানে জেলার বিভিন্ন এলাকার ৮০ জন রিটেইলার ও প্রকৌশলীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিগত বছরগুলোতে ভাল ব্যবসা করায় এলাকার ৭ জন শ্রেষ্ট বিক্রেতাকে উপহার ও অন্যান্যদের সাধারণ উপহার প্রদান করা হয়।

এদের মধ্যে বিগত বছরে সর্ব্বোচ্চ ব্যবসা করার জন্য মুজিবনগর এন্টারপ্রাইজকে, মেসার্স রাজ এন্টারপ্রাইজ, তৌফিক এন্টারপ্রাইজ, ইয়ারুল ট্রেডার্স, খোকা ট্রেডার্স ও বিশ্বাস হার্ডওয়ারকে টেলিভিশন, ফ্রীজসহ বিভিন্ন উপহার সামগ্রী প্রদান করা হয়। এছাড়া বাকী ব্যবসায়ীদের অন্যান্য উপহার সামগ্রী প্রদান করা হয়।

মেহেরপুরে ভিক্ষার থালা হাতে নিয়ে ব্যবসায়ীদের বিক্ষোভ

এবার মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের ব্যবহৃত সরকারী গাড়ি আটকিয়ে ভিক্ষা চাইলেন কোর্ট রোডের মসজিদ মার্কেটের উচ্ছেদ হওয়া ব্যবসায়ী তাদের পরিবার ও হোটেল বাজারের

ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দ।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান একটি অনুষ্ঠানে যাওয়ার পথে থালা হাতে ব্যবসায়ীরা জেলা প্রশাসকের গাড়িটিকে থামিয়ে ভিক্ষার থালা এগিয়ে দিয়ে ভিক্ষা চান। এসময় কিছু ব্যবসায়ীরা গাড়ির সামনে শুয়ে পড়েন। প্রায় তিন মিনিট গাড়ির সামনে সুয়ে অবস্থান নেন ব্যবসায়ীরা।

মেহেরপুর শহরের ইসলামিক ফাউন্ডেশন অফিসের সামনে জেলা প্রশাসকের গাড়ি আটকানোর এ ঘটনা ঘটে।

পূর্ব কর্মসূচি অনুযায়ী ভিক্ষার থালা হাতে নিয়ে আজ বৃহস্পতিবার (৯ জুন) বেলা ১১ টার দিকে হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আব্দুল হান্নান এবং সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল শিমুনের নেতৃত্বে একটি বিরাট থালা মিছিল জেলা প্রশাসকের কার্যালয় অভিমুখে রওনা দেন।

মেহেরপুরের হোটেল বাজার ব্যবসায়ী সমিতির হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আব্দুল হান্নান, সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল সিমন, সহ-সভাপতি শেখ মোমিন, ওষুধ ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আব্দুল লতিফ, সদস্য রাশেদুজ্জামান, ইজারুল ইসলামসহ ক্ষতিগ্রস্থ ও তাদের পরিবারের সদস্যরা এ কর্মসূচীতে অংশ নেন।

এসময় তারা হাতে ভিক্ষার থালা নিয়ে আমাদের ভিক্ষা দেন, পাশে দাড়ান, দয়া করেন, মেহেরপুরের বিবেকবান মানুষ আমাদের পাশে দাড়ান। আমাদের ব্যবসা প্রতিষ্ঠান জোর করে ভেঙ্গে দিয়েছে। এভাবেই আকুল আবেদন জানিয়ে ভিক্ষা চান তারা। মেহেরপুর শহরের কাশারীপাড়া থেকে শুরু করে ভিক্ষার এ মিছিলটি শহরের প্রধান সড়ক হয়ে জেলা প্রশাসকের অফিসের সামনে গিয়ে শেষ হয়।জেলা প্রশাসকের অফিসের প্রধান ফটকের সামনে তারা থালা হাতে ঘন্টাখানেক অবস্থান নেন।

ব্যবসায়ীরা জানান, গত মঙ্গলবার মেহেরপুর শহরের কোট মসজিদ মার্কেটের ২৫টি দোকান ঘর উচ্ছেদ করে জেলা প্রশাসন। এ ঘটনার প্রতিবাদে ৫দিনের কর্মসূচীর অংশ হিসেবে বৃহস্পতিবার সকালে হোটেল বাজার ব্যবসায়ী সমিতির ঘোষণা অনুযায়ী দোকান বন্ধ করে থালা হাতে ভিক্ষায় নামেন ব্যবসায়ীরা ।

এসময় কোট রোড থেকে হোটেল বাজার পর্যন্ত সব ধরনের দোকান পাট বন্ধ রেখে প্রতিবাদ কর্মসূচি পালন করা হয়।

হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আব্দুল হান্নান বলেন, মেহেরপুর জেলা প্রশাসক কর্তৃক কোনো নোটিশ ছাড়াই কোট মসজিদের মার্কেট উচ্ছেদ করা হয়। জেলা প্রশাসকের কাছ থেকে মোটা অঙ্কের টাকার বিনিময়ে ৯৯ বছরের জন্য দোকান ঘর লিজ নিয়ে ব্যবসা শুরু করেছিলেন তারা। প্রশাসনের লোকজন হঠাৎ করেই বুলডোজার নিয়ে দোকান ভাঙতে শুরু করে। আমরা এই ন্যাক্কারজনক ঘটনার তীব্র প্রতিবাদসহ পুনর্বাসনের দাবি জানান।

ব্যবসায়ী নেতৃবৃন্দরা জানান, জেলা প্রশাসকের হটকারী সিদ্ধান্তের কারনে বর্তমান সরকার ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দোদুলকে প্রশ্নবিদ্ধ করা হয়েছে।

গত ৭ জুন মেহেরপুর জেলা মডেল মসিজেদের শ্রীবৃদ্ধি ও সরকারি জমি দখলমুক্ত করতে জেলা প্রশাসনের মেহেরপুর কোর্ট মসজিদ মার্কেট ভবন কোনো প্রকার নোটিশ না দিয়েই উচ্ছেদ করেন।

।

মেহেরপুরের টিবি কোভিড -১৯ কার্যক্রমের উপর ওরিয়েন্টেশন

মেহেরপুরে টিবি, ম্যালেরিয়ার, এইচআইভি এবং কোভিড-১৯ কার্যক্রমের উপর দিনব্যাপী ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদ হলরুমে জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ কমসূচি ও ব্র্যাক, মেহেরপুর ওরিয়েন্টেশনের আয়োজন করে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন- ব্রাকের মেহেরপুর জেলা শাখা ব্যবস্থাপক মাইক্রোফিন্যান্স হাফিজুর রহমান। যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচি ব্রাকের প্রোগ্রাম অর্গানাইজার মোঃ লোকমান হোসেনের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন- ব্রাকের জেলা ম্যানেজার মোঃ আবু হানিফ মোড়ল, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ

শাহজামান, প্যানেল চেয়ারম্যান ইসমাইল হোসেন প্রমুখ।

ওরিয়েন্টেশনে কর্মশালায় জনপ্রতিনিধি, শিক্ষক, সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ অংশ নেয়।

গাংনীর বামুন্দীতে অবৈধ হাসপাতাল সীলগালা

বামন্দীতে অবৈধভাবে পরিচালিত সেন্ট্রাল হসপিটাল নামের বেসরকারী চিকিৎসা কেন্দ্র সীলগালা করে দিয়েছে স্বাস্থ্য বিভাগ।

আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে গাংনী উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাসহ একটি টিম অভিযান চালায়। সেন্ট্রাল হসপিটালটির বৈধ নিবন্ধন না থাকায় তা সীলগালা করে দেয়া হয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্য বিভাগ। এছাড়াও যাদের বৈধ নিবন্ধন রয়েছে তাদেরকে নিয়ম মেনে প্রতিষ্ঠান চালানোর নির্দেশ প্রদান করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সুভ্রত রাণী জানান, কিছুদিন আগে এ প্রতিষ্ঠানটিতে এসে নিবন্ধন করণের জন্য নোটিশ প্রদান করা হয়। কিন্তু কর্তৃপক্ষ অদ্যবাদি নিবন্ধন না করায় নিয়মানুযায়ি সীলগালা করা হয়েছে। এ অভিযান অব্যাহত থাকবে বলেও জানান এই স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।

মেহেরপুরে প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্ভাবনী উদ্যোগ

সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালা

মেহেরপুরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০ টি বিশেষ উদ্ভাবনী উদ্যোগ সংক্রান্ত দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে মেহেরপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তনে, উপপরিচালক স্থানীয় সরকার মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম এ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে, দিনব্যাপী এ প্রশিক্ষণ কর্মশালায় বক্তব্য রাখেন, সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) আবু সাইদ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ অলোক কুমার দাস, সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, প্রাথমিক শিক্ষা অফিসার আপিল উদ্দীন, পিআইও নাহিদা ইসলাম প্রমুখ।

মেহেরপুরে কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প এর আওতায় রোভিং সেমিনার

মেহেরপুরে কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প এর আওতায় রোভিং সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এ রোভিং সেমিনার অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশিক্ষণ অফিসার মোঃ সামছুল আলমের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা প্রশাসক ড. মোঃ মুনসুর আলম খান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর সদর উপজেলা চেয়ারম্যান আ্যড. ইয়ারুল ইসলাম, মেহেরপুর বারাদি হর্টিকালচার সেন্টারের উপ-পরিচালক মোঃ হাবিবুল ইসলাম খান, জেলা বীজ প্রত্যয়ন অফিসার রঞ্জন

কুমার প্রামাণিক, মেহেরপুর বিএডিসি বীজ প্রসেসিং উপপরিচালক মোঃ শামীম হায়দার, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি মোঃ ফারুক হোসেন।

কৃষি সম্প্রসারণ অফিসার জাহিদ হাসানের সঞ্চালনায় রোভিং সেমিনারে আরো উপস্থিত ছিলেন, জেলা মৎস্য কর্মকর্তা প্রতিনিধি মোঃ আতাউর রহমান, জেলা কৃষি প্রকৌশলী সুবল চন্দ্র মন্ডল এবং দূরদূরান্ত থেকে আগত কৃষক বৃন্দ।

গাংনীতে ৪ মাদক কারবারী আটক

গাংনী থানা পুলিশের এক সফল অভিযানে ৬৫ বোতল ফেনসিডিলসহ আটক হলো ৪ মাদক কারবারী।

আটকরা হলেন, এ উপজেলার বাঁশবাড়িয়া গ্রামের মৃত সিরাজুল ইসলামের ছেলে আরিফুল ইসলাম (২৪), বাবুল আক্তারের ছেলে আব্দুর রহমান ওরফে লায়েস (২০), গাংনী মহিলা কলেজপাড়ার আমজাদ হোসেনের ছেলে শ্যামল (২২), কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার পারগোয়ালগ্রামের হোসেন মালিথার ছেলে রাফিকুল ইসলাম (২৪)।

বুধবার (৮জুন) বিকেলে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার চোখতোলা নামক স্থান থেকে ফেনসিডিলসহ তাদের গ্রেফতার করে গাংনী থানা পুলিশের একটি টীম।

গাংনীর থানার উপপরিদর্শক(এসআই) নুর ইসলাম জানান, ফেনসিডিল বেচাকেনা চলছে এমন সংবোদে সেখানে অভিযান চালানো হয়। অভিযান টের পেয়ে মাদক কারবারীরা পালানোর চেষ্টা করে।অবশেষে পুলিশের হাতে আটক হন এ চারজন।

আটকদের বিরুদ্ধে গাংনী থানায় মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আজ বৃহস্পতিবার সকালে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।